# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Minor/Cor 1st Semester Examination, 2024-25

## BNGMIN101T/BNGCOR101T-BENGALI

Time Allotted: 2 Hours　　　　Full Marks: 50

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে *একটি* করে প্রশ্ন নিয়ে মোট *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ　১০×৪ = ৪০
(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হওয়া বাঞ্ছনীয়)

**একক - ১**

(ক) বাংলা সাহিত্যের প্রাচীনতম গ্রন্থের প্রকৃত নাম কী ? কে এই গ্রন্থটি কোথা থেকে আবিষ্কার করেন ? এই গ্রন্থের সাহিত্যমূল্য বিচার করো।　১+২+৭

**অথবা**

(খ) বাংলা সাহিত্যের আদিপর্বে বৌদ্ধধর্ম ও বৌদ্ধ সংস্কৃতি চর্চা কীভাবে প্রভাব বিস্তার করেছিল সে সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।　১০

**একক – ২**

(গ) আর্য-অনার্য সংস্কৃতির সমন্বয় মঙ্গলকাব্যগুলির মধ্যে কীভাবে প্রতিফলিত হয়েছে তা সংক্ষেপে বিবৃত করো।　১+৯

**অথবা**

(ঘ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের আবিষ্কার সম্পর্কিত তথ্য সংক্ষেপে লেখো। কাব্যটির গুরুত্ব সংক্ষেপে লেখো।　৩+৭

**একক – ৩**

(ঙ) চৈতন্য-পরবর্তী যুগের যে-কোনো একজন বৈষ্ণব পদকর্তার কবিকৃতিত্বের পরিচয় দাও।　১০

**অথবা**

(চ) মধ্যযুগের নাথসাহিত্য ধারার উল্লেখযোগ্য কাব্য 'গোরক্ষবিজয়' সম্পর্কে তোমার অভিমত ব্যক্ত করো।　১০

**একক – ৪**

(ছ) আখড়াই গান কাকে বলে ? এই গান কোন্ সময়ে প্রচলিত হয়ে উঠেছিল ? এই গানের বৈশিষ্ট্য ও বিবর্তন সম্পর্কে আলোকপাত করো।　১+১+৮

**অথবা**

(জ) বাংলা সাহিত্যের যে বিশেষ কালপর্বকে 'অবক্ষয় পর্ব' বলে অভিহিত করা হয় তার সময়কাল, বৈশিষ্ট্য ও বিভিন্ন ধারা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।　১০

২। নিম্নলিখিত যে-কোনো *দুটি* বিষয়ে সংক্ষিপ্ত উত্তর দাওঃ　৫×২ = ১০
(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১৫০ হওয়া বাঞ্ছনীয়)

(ক) চর্যাপদের ভাষা।
(খ) ধর্মমঙ্গল কাব্যের কাহিনি।
(গ) আগমনী গান।
(ঘ) টপ্পা গান।

——×——